আলমডাঙ্গায় ৪ মাদক ব্যবসায়ী ও মাদকাসক্তের দন্ড

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালতে ৪ মাদক ব্যবসায়ী ও মাদকসেবীকে বিভিন্ন মেয়াদে অর্থ ও কারাদন্ডাদেশ দেওয়া হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকেলে উপজেলা নির্বাহি অফিসার লিটন আলী এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।
প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, গতকাল মঙ্গলবার আলমডাঙ্গা থানা পুলিশ মাদক বিরোধি অভিযান চালিয়ে

শহরের স্টেশন এলাকা থেকে মাদক দ্রব্যসহ ২ জন মাদক ব্যবসায়ী ও ২ জন মাদক সেবীকে আটক করে।
এ ঘটনা উপজেলা নির্বাহি কর্মকর্তা লিটন আলীকে জানানো হলে তিনি ঘটনাস্থলে উপস্থিত হন।

অভিযোগের সত্যতা পেয়ে ভ্রাম্যমাণ আদালত পরিচালনার মাধ্যমে তাদেরকে অর্থ দন্ড ও কারাদন্ডাদেশ প্রদান করেন।
এদের মধ্যে আলমডাঙ্গা পৌর এলাকার জিন্নাহ আলীর ছেলে মাদক ব্যবসায়ী শাহেদ রেজা তুহিনকে (৩২) ১ বছর, কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার মজিবর রহমানের ছেলে কলম আলীকে (৩১) ৪ মাস,

মাদকসেবনের দায়ে আলমডাঙ্গা উপজেলার আসাননগর গ্রামের ঈমান আলীর ছেলে মকছেদ আলী (২৮) ও একই গ্রামের আফাজ উদ্দীনের ছেলে ওমর আলীকে
(৪৫) ১ হাজার টাকা করে জরিমানা নির্দেশ প্রদান করেন।

- আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গা উপজেলা ইসলামী

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

(ইন্নালিল্লাহি—রাজিউন)।

মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬৫ বছর। জানাগেছে, আলমডাঙ্গা বন্ডবিল গ্রামের মৃত মুন্সি ইয়াছিন আলীর ছেলে, মুক্তিযোদ্ধা মুন্সি ইসমাইল হোসেন ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে অংশ নিতে ভারতে পাড়ি জমায়, ট্রেনিং শেষে দেশকে শত্রুমুক্ত করতে পাকসেনাদের সাথে জীবন বাজী রেখে যুদ্ধ করে দেশ স্বাধীন করে।

ইসমাইল হোসেন ফেলা আলমডাঙ্গা পৌর সভায় ৯ নং ওয়ার্ডের কাউন্সিলর পদে নির্বাচন করে ২ বার কাউন্সিলর নির্বাচিত হয়।

বেশ কিছুদিন থেকে অসুস্থ হয়ে চিকিৎসারত ছিল। গতকাল সোমবার ভোরের দিকে হ্নদ রোগে আক্রান্ত হয়ে বন্ডবিলের নিজ বাসভবনে ইন্তেকাল করেন। গতকাল দুপুর সাড়ে ১২ টার দিকে বন্ডবিল গ্রামে তার নিজ বাসভবন চত্বরে রাষ্ট্রিয় মার্যাদায় গার্ড অব অর্নার প্রদান করা হয়।

গার্ড অব অর্নারে অংশ নেন আলমডাঙ্গা উপজেলার নির্বাহী ম্যাজিট্রেষ্ট সীমা শারমিন, থানার ওসি তদন্ত গাজী-শামীমুর রহমান ও চুয়াডাঙ্গা পুলিশ লাইন থেকে আগত চৌকশ পুলিশ দল।

এ ছাড়াও উপস্থিত ছিলেন মুক্তিযোদ্ধা হাজী শেখ নুরমোহাম্মদ জকু, মুক্তিযোদ্ধা হাজী খন্দকার ইসমাইল হোসেন, পৌর মেয়র হাসান কাদীর গনু, বন্ডবিল গ্রামের বিশিষ্ট সমাজ সেবক উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, খন্দকার শাহ আলম মন্টু, হামিদুল ইসলাম আজম, আলী আজগর, মুক্তিযোদ্ধা শমসের আলী মল্লিক, সরকারি উচ্চবিদ্যালয়ের শিক্ষক আনোয়ারুজ্জামান, পৌর কাউন্সিলর মামুনর রশিদ হাসান, সহ গ্রামের গন্যমান্য ব্যাক্তিবর্গ।

রাষ্ট্রীয় মর্যাদায় জানাজা শেষে বন্ডবিল কবরস্থানে দাফন সম্পন্ন হয়েছে। মৃত্যুকালে স্ত্রী, ২ মেয়ে ১ ছেলেসহ অসংখ্য গুন গ্রাহী রেখে গেছেন।

- আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গায় এমপি ছেলুন ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

আলমডাঙ্গায় “এমপি ছেলুন” ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে। আনুষ্ঠানিক ভাবে শুভ উদ্বোধন করেন সাংসদ ছেলুন জোয়ার্দার।

গতকাল বিকেল ৩ টার দিকে আলমডাঙ্গা বড় ফুটবল মাঠে চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সভাপতি মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ফুটবল খেলা উপভোগ করেন।

প্রথমদিনের খেলায় ফ্রেন্ডস ক্লাব ১-০ গোলে আলমডাঙ্গা একাদশকে পরাজিত করেন। খেলায় ম্যান অব দ্যা ম্যাচের পুরস্কার পান ফ্রেন্ডস ক্লাবের খেলোয়াড় আশরাফুল হক।
এমপি ছেলুন ফুটবল টুর্নামেন্টের আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলী।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সহ সভাপতি খোস্তার জামিল, উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন, পৌর মেয়র ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি হাসান কাদির গনু, উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাড. খন্দকার সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, উপজেরা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, চুয়াডাঙ্গা জেলা চেয়ারম্যান সমিতির সভাপতি নুরুল ইসলাম।

সরকারি কলেজ ছাত্রলীগের উপস্থাপনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, বনিক সমিতির সম্পাদক মীর শফিকুল ইসলাম, প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সম্পাদক হামিদুল ইসলাম আজম, সাবেক ফুটবলার প্রভাষক শরিফুল ইসলাম, অ্যাড. সিরাজুল ইসলাম লাল্টু, চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান গরিবে নেওয়াজ মাসুম, ফুড কর্মকর্তা মিয়ারাজ হোসেন, বিআরডিবি চেয়ারম্যান মহিদুল ইসলাম মুহিদ, রেজাউল হক তবা, সাবেক কাউন্সিলর সিরাজুল সাইফুর রহমান পিন্টু, আব্দুল মজিদ,

শফিউর রহমান, পৌর যুব লীগের সভাপতি আব্দুল গাফ্ফার, সাবেক কাউন্সিলর দিনেশ কুমার, জাহাঙ্গাীর আলম, পৌর ছাত্রলীগের সভাপতি

নয়ন সরকার, বাদশা, সাকিব, সজিব, সিহাব।
খেলা পরিচালনা করেন আবুল হাসান, সোহাগ, ফিরোজ, মহসীন কামাল।

খেলায় ধারাভাষ্যে ছিলেন আবু বক্কর সিদ্দিক।খেলায় ফ্রেন্ডস ক্লাব প্রথমার্ধে ১ টি গোল করে দলকে এগায়ে নিয়ে যায়। আলমডাঙ্গা একাদশ শেষ পর্যন্ত চেষ্টা করেও গোল পরিশোধ করতে ব্যার্থ হন। ফলে ফ্রেন্ডস ক্লাব ১-০ গোলে জয় লাভ করে।

- আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গা প্রাইম পলেটেকনিক ইনস্টিটিউটে বিদায় সংবর্ধনা

আলমডাঙ্গা প্রাইম পলেটেকনিক ইনস্টিটিউটে বিদায় সংবর্ধনা, বৃত্তিপ্রদান ও বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্টানের বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণী সভা অনুষ্টিত হয়েছে।

গতকাল সকাল সাড়ে ৯টার দিকে প্রাইম পলেটেকনিক ইনস্টিটিউট চত্তরে অনুষ্টানে সভাপতিত্ব করেন ম্যানেজিং কমিটির সভাপতি সাবেক উপজেলা চেয়ারম্যান মুক্তিযোদ্ধা হেলাল উদ্দিন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন। তিনি বলেন বর্তমান সরকার কারিগরী শিক্ষার উপর জোর দিয়েছে, আমাদের মানব সম্পদকে মনব শক্তিতে রুপান্তরিত করতে কারীগরি শিক্ষার বিকল্প নেই।

বিদেশে যারা যাচ্ছে তাদের বেশির ভাগই অদক্ষ, যদি দক্ষ শ্রমিক হত তাহলে তাদের প্রতারিত হতে হত না।
সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহম্মেদ ডন, প্রতিষ্ঠানের পরিচলনা পরিষদের সদস্য সোনালী ব্যাংকের সাবেক ম্যানেজার সিরাজুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি লিয়াকত আলী লিপু মোল্লা, প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সাধারণ সম্পাদক মুক্তিযোদ্ধা হামিদুল

ইসলাম আজম, আলইকরা ক্যাডেট একাডেমীর অধ্যক্ষ এনামুল হক।

শিক্ষক এমদাদুল হকের উপস্থাপনায় বক্তব্য রাখেন ম্যানেজিং কমিটির সদস্য সাবেক রেলওয়ে স্টেশন মাষ্টার শামসুল হক টুকু, নাজমুল হোসেন পলাশ, কলেজিয়েট স্কুলের অধ্যক্ষ জামসিদুল হক মুনি, শিক্ষক সোহেলী নাশরিন, শাজাহান আলী, শামিম আহম্মেদ, সদস্য মকবুল হোসেন, পানিউন্নয়ন বোর্ডের সাবেক কর্মকর্তা আলী আকবর প্রমুখ।

মানপত্র পাঠ করেন রুবিনা খাতুন, ছাত্র, ছাত্রীদের মধ্যে বক্তব্য রাখেন মীর ফাহিম ফয়সাল, সমাপ্তি আরা প্রমুখ।

কলেজের শিক্ষার্থীরা একটি বাল্য বিয়ে নিয়ে নাটিকা করেন। সব শেষে শ্রেষ্ট শিক্ষার্থীদের পুরস্কৃত করা হয় এবং বৃত্তি প্রদান করা হয়েছে, এছাড়াও বার্ষিক ক্রীড়া প্রতিযোগীতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

- আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গায় সময়ের সমীকরনের ৪র্থ প্রতিষ্টা বার্ষিকি পালিত

আলমডাঙ্গায় দৈনিক সময়ের সমীকরন অফিসের উদ্দ্যোগে ৪র্থ প্রতিষ্টা বার্ষিকি পালিত হয়েছে।
গতকাল সন্ধা ৬ টার দিকে আলমডাঙ্গা পরিবার পরিকল্পনা অফিসের হলরুমে কেক কেটে প্রতিষ্টা বার্ষিকির উদ্বোধন করেন অনুষ্টানের প্রধান অতিথি উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন।

তিনি বলেন সাংবাদিকরা জাতির বিবেক, দেশের সকল ক্রান্তি লগ্নে আপনাদের হাতের কলম যে কোন অস্ত্রের চেয়ে বেশি কাজে লাগে। দেশ আজ উন্নয়ের দিকে এগিয়ে যাচ্ছে,এখানেও আপনাদের ভুমিকা খুবই প্রয়োজন।

অনুষ্টানে সভাপতিত্ব করেন দৈনিক সময়ের সমীকরনের আলমডাঙ্গা অফিস প্রধান হামিদুল ইসলাম আজম।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন

আহম্মেদ ডন, থানা অফিসার ইনচার্জ সৈয়দ আশিকুর রহমান, চুয়াডাঙ্গা জজকোর্টের সরকারি কৌশুলী মুক্তিযোদ্ধা খন্দকার নাশির উদ্দিন মঞ্জু, প্রেসক্লাব সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, মুক্তিযোদ্ধা আব্দুল জব্বার।

সমীকরনের প্রতিনিধি আলমডাঙ্গা সরকারি কলেজের সহকারি অধ্যাপক শেখ শফিউজ্জামানের উপস্থাপনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, দৈনিক মাথা ভাঙ্গা ব্যুরো প্রধান আতিয়ার রহমান মুকুল, দৈনিক পশ্চিমাঞ্চলের ব্যুরো প্রধান প্রাশান্ত বিশ্বাস, শিক্ষক জামিরুল ইসলাম, কবি গোলাম রহমান চৌধুরি, আলমডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক আ ফ ম সিরাজ সামজি, মওলানা মনিরুজ্জামান, মীর ছামছদ্দিন আহম্মেদ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাহিত্যিক আনোয়ারুল ইসলাম সাগর, সমীকরনের ভ্রাম্যমান প্রতিনিধি তানভীর আহম্মেদ সোহেল, সাংবাদিক গোলাম সরোয়ার সদু, শরিফুল ইসলাম, জামজামি প্রতিনিধি হেলাল উদ্দিন, হারদী প্রতিনাধি শরিফুল ইসলাম, হাসিবুল হক, সমাজ সেবক মতিয়ার রহমান প্রমুখ।

- আলমডাঙ্গা প্রতিনিধি

দেলোয়ার সভাপতি,ফারুক সম্পাদক নির্বাচিত

আলমডাঙ্গা উপজেলার পৌর আওয়ামীলীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্টিত হয়েছে।দেলোয়ার হোসেনকে সভাপতি ও মতিয়ার রহমান ফারুক সাধারন সম্পাদক নির্বাচিত হয়েছে।

ব্যাপক উৎসাহ উদ্দিপনার মধ্য দিয়ে আলমডাঙ্গা সরকারি পাইলট উচ্চবিদ্যালয়ে গতকাল শুক্রবার বিকাল সাড়ে ৩ টার দিকে ত্রী- বার্ষিক সম্মেলনে সভাপতিত্ব করেন পৌর আওয়ামীলীগের সভাপতি আবু মুছা ।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য

সোলায়মান হক জোয়ার্দার ছেলুন।

ত্রি-বার্ষিক সম্মেলন এর শুভ উদ্ভোধন করেন আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সভাপতি পৌর মেয়র হাজী হাসান কাদির গণু। প্রধান অতিথি হিসেবে গুরত্বপুর্ন বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগ এর সভাপতি চুয়াডাঙ্গা ১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

এ সময় তিনি বলেন বাংলাদেশ আওয়ামীলীগের সভাপতি ও মাননীয় প্রধান মন্ত্রী জননেন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে দেশ এগিয়ে চলেছে। অথচ বিরোধীদল দেশকে অস্থিতিশীল করতে নানা মুখি স্বড়যন্ত্র করছে।

তারা ১৯৭৪ সালে কৃত্তিম সংকট সৃষ্টি করে দেশে দুর্ভিক্ষ এনেছিল,ঠিক একই ভাবে তারা দীর্ঘ বছর পর হটাৎ কখনও পেয়াজের সংকট,কখনও লবনের সংকট সৃষ্টি করে গুজব রটিয়ে দেশের মানুষকে বোকা বানাতে চাচ্ছে,কিন্ত এটা ৭৪ সাল নয়,২০১৯ সাল,আপনারা এখনও সাবধান হন, না হলে জনগনই আপনাদের বিচার করবে।

আজ আমরা একটি স্বাধীন ভুখন্ড পেয়েছি,একটি পতাকা পেয়েছি।আমাদের ছেলেরা মুক্তিযুদ্ধ করে দেশ স্বাধীন করেছে,বঙ্গবন্ধুর যে স্বপ্ন ছিল সেই স্বপ্ন বাস্তবায়ন করতে সকলের প্রতি অনুরোধ করছি আপনারা সংগঠনকে শক্তিশালী করে প্রধান মন্ত্রীর নেতৃত্বে বঙ্গবন্ধুর স্বপ্ন বাস্তবায়ন করুন।

তিনি আরও বলেন তার যোগ্য উত্তর সুরি বঙ্গবন্ধুর কন্যার নেতৃত্বে দেশ এগিয়ে যাচ্ছে,তার হাতকে শক্তিশলী করতে হবে, শেখ হাসিনা যখন দেশে উন্নয়ন করছে,তখন বিএনপি জামাত জোট দেশকে জঙ্গী রাষ্ট্র বানাতে চাচ্ছে।এক সময় এই পৌর সভায় আমরা লোক খুজে পাইনি,অথচ এখন দলে লোক বেড়েছে,কিন্ত পদ তো একটি করে।যারা দায়িত্ব পাবেন তারা সকলকে সাথে করে কাজ করবেন।

তাই আসেন সকল ভেদাভেদ ভুলে সংগঠনকে শক্তিশালি করেগড়ে তুলি। শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে সকলকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে,।দেশে মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন করতে হবে।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সহ- সভাপতি খুস্তার জামিল,প্রশান্ত অধিকারি,এ্যাডঃ আব্দুর রশিদ মোল◌া,সাংগাঠনিক সম্পাদক মুন্সি আলমগীর

হান্নান , জেলা বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক সহিদুল ইসলাম , উপজেলা আওয়ামীলীগের ভারপ্রাপ্ত সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার ,

জেলা আওয়ামীলীগ নেতা এ্যাডঃ বিল ◌াল হোসেন , উপজেলা আওয়ামীলীগের সহ-সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল ◌া , বীর মুক্তিযোদ্ধা হামিদুল ইসলাম আজম , খন্দকার শাহ আলম মন্টু , সাংগাঠনিক সম্পাদক আতিয়ার রহমান , কাজী খালেদুর রহমান অরুন , আলম হোসেন , জেলা আওয়ামীলীগের সদস্য দেলোয়ার হোসেন , ।

পৌর আওয়ামীলীগের সম্পাদক সিরাজুল ইসলামের উপস্থাপনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন , , উপজেলা সাংস্কৃতিক সম্পাদক ইন্দ্রজিৎ দেব শর্মা , প্রচার সম্পাদক রেজাউল ইসলাম তবা , উপ-প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন , , নুরুল ইসলাম দিপু , ইউপি চেয়ারম্যান আবু সাইদ পিন্টু , নজরুল ইসলাম , আব্দুর রাজ্জাক , উপজেলা যুবলীগের সভাপতি আহসান উল◌াহ , বিআরডিবি চেয়ারম্যান মহিদুল ইসলাম মুহিদ ,

জেলা ছাত্রলীগের সভাপতি মোহাইমেন হাসান জোয়ার্দার অনিক , জেলা যুবলীগের সদস্য পৌর কাউন্সিলর মতিয়ার রহমান ফারুক , সাইফুর রহমান পিন্টু , , সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল ইসলাম , পৌর ছাত্রলীগের সভাপতি নয়ন সরকার , সৈকত খান , সাকিব , অটল।

সভায় সর্বসম্মতি ক্রমে দেলোয়ার হোসেন কে সভাপতি ও মতিয়ার রহমান ফারুক কে সাধারন সম্মাদক করে ৭১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে।

-আলমডাঙ্গা প্রতিনিধি

সোনাউল্লা সভাপতি , কামাল সাধারণ সম্পাদক

আলমডাঙ্গা পৌরসভার ১নং ওয়ার্ড আওয়ামী লীগের কমিটি ঘোষনা করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকালে উপজেলা ও পৌর আওয়ামী লীগ নেতৃবৃন্দ সোনাউল্লাকে সভাপতি বিশিষ্ট ব্যবসায়ী কামাল হোসেনকে

সাধারণ সম্পাদক করে কমিটি ঘোষনা করেন।

কমিটি ঘোষনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পৌর আওয়ামী লীগের সভাপতি আবু মুসা।

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ-উজ-জামান লিটু বিশ্বাস, উপজেলা আওয়ামী লীগের সভাপতি পৌর মেয়র হাসান কাদির গনু, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, পৌর কাউন্সিলর মতিয়ার রহমান ফারুক, যুবলীগ নেতা সাইফুর রহমান পিন্টুসহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

সভায় সোনা উল্লাহকে সভাপতি ও কামাল হোসেনকে সাধারণ সম্পাদক মনোনীত করে পৌর সভার ১নং ওয়ার্ড আওয়ামী লীগের কমিটি ঘোষনা করা হয়।

- আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গার হারদী ইউনিয়ন আওয়ামীলীগের ত্রি-বার্ষিক সম্মেলন

আলমডাঙ্গার হারদী ইউনিয়ন আওয়ামীলীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার ১০ টার হারদী কৃষিক্লাব মাঠে সম্মেলনের আয়োজন করা হয়।

হারদী ইউনিয়ন আ.লীগের ভারপ্রাপ্ত সভাপতি মুক্তিযোদ্ধা আ: সামাদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের সভাপতি মাননীয় সংসদ সদস্য সোলাইমান হক জোয়ার্দ্দার ছেলুন।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আজ দেশ অনেক উন্নত। বন্ধবন্ধু বেঁচে থাকলে দেশ অনেক আগেই উন্নত দেশে পরিনত হত। বঙ্গবন্ধুর রেখে

যাওয়া কাজ তাঁর মেয়ে শেখ হাসিনা করে যাচ্ছে। প্রতিটি দপ্তরে তার সু-নজর রয়েছে।

আজ কৃষি ক্ষেত্রে দেশ অনেক দুর এগিয়ে গেছে। রাস্তা, শিক্ষা প্রতিষ্ঠানের দিকে তাকালে বোঝা যায় দেশের উন্নয় কেমন হয়েছে। এটা বঙ্গবন্ধুর স্বপ্ন ছিল। তার স্বপ্ন বুকে ধারণ করে এগিয়ে যেতে হবে আমাদের। তাঁর কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাবার স¦প্ন বাস্তবায়ন করতে নির্লোসভাবে কাজ করে যাচ্ছে। আমাদের সবাইকে তার হাতকে শক্তিশালী করতে ঐক্যবদ্ধ হতে হবে।

ত্রি-বার্ষিক সম্মেলনের উদ্বোধেক উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও পৌরমেয়র হাসান কাদির গনু সবার সম্মতিক্রমে আশিকুরজ্জামান (ওল্টুকে) সভাপতি ও শহিদুল আইনাল হককে সাধারণ সম্পাদক হিসেবে নাম ঘোষণা করেন।

এসময় উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের সহসভাপতি খুস্তার জামিল, যুগ্ম সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন, সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমঙ্গীর হান্নান, মাসুদ উস জামান লিঠু, বন ও পরিবেশ বিষায়ক সম্পাদক শহিদুল ইসলাম খান, উপজেলা আওয়ামীলীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইয়াকুব আলী, সাংগঠনিক সম্পাদক কাজী খালেদুর রহমান অরুণ, সহদপ্তর সম্পাদক মাসুদ রানা তুহিন, বিআরডিবির চেয়ারম্যান মহিদুল ইসলাম মুহিত, আব্দুর রব শিলু, পৌর আওয়ামীলীগের সভাপতি আবু মুছা, উপজেলা যুবলীগের আহ্বায়ক আহসান উল্লাহ, পৌর ছাত্রলীগের সভাপতি নয়ন সরকার, কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল হক প্রমুখ।

- আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গায় ট্রাকের নিচে পড়ে ভাটা মালিক নিহত

আলমডাঙ্গায় মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় হাসান আলী নামের ইট ভাটা মালিক নিহত হয়েছেন।

গতকাল সন্ধ্যা ৬ টার দিকে চুয়াডাঙ্গা-আলমডাঙ্গা সড়কের রোয়াকুলি গ্রামের এই মর্মান্তিক ঘটনা ঘটে।

একটি চলন্ত ট্রাকের নিচে পড়ে মোটরবাইকে থাকা হাসান ঘটনাস্থলেই প্রাণ হারান। পুলিশ ও ফায়ার সার্ভিসের সদস্যরা ঘনটাস্থল থেকে হাসানের লাশ উদ্ধার করে।

নিহত হাসান নওদাবন্ডবিল গ্রামের মৃত রহিম মন্ডলের ছেলে এবং ফরিদপুরের দোয়াপাড়ায় অবস্থিত এনআরবি ইট ভাটার মালিক।

থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সৈয়দ আশিকুর রহমান জানান, উপজেলা রোয়াকুলি গ্রামে সন্ধ্যা রাতে একটি চলন্ত ট্রাকের নিচে পড়ে একজন নিহত হয়েছে। পুলিশ ঘটনাস্থল থেকে ঘাতক ট্রাকটি আটক করা হয়েছে। চালক পালিয়ে গেছে। তবে তাকে আটকের চেষ্টা করা হচ্ছে।

প্রত্যক্ষদর্শিরা জানায়, নিহত হাসান মোটরবাইকে করে চুয়াডাঙ্গা থেকে আলমডাঙ্গায় বাড়ি ফিরছিলেন। মুন্সিগঞ্জ নিগার সিদ্দিক কলেজ পার হয়ে রোয়াকুলি গ্রামে ঢুকতে তার সামনে একটি ট্রাক পড়ে। হাসান ট্রাকটিকে ওভারটেক করতে গিয়ে না পেরে ট্রাকের নিচে পড়ে যান। এবং ট্রাকের নিচে পিষ্ট হয়ে ঘটনাস্থলেই তিনি নিহত হন।

পরে খবর পেয়ে আলমডাঙ্গা ফায়ার সার্ভিসের সদস্যরা গিয়ে নিহত হাসানের মরদেহ ট্রাকের নিচ থেকে টেনে বের করেন।

সড়ক দূর্ঘটনায় হাসানের মর্মান্তিক নিহতের ঘটনায় তার বাড়ি নওদাবন্ডবিল গ্রামে শোকের ছায়া নেমে এসেছে।

- আলমডাঙ্গা প্রতিনিধি